গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩
"পল্লী ভবন"
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
Website: www.prdp.brdb.gov.bd

পত্র নং - ৪৭.৬২.০০০০.৯০৬.১১.০০২.১৬-৩১৫ তারিখঃ ২৩/১০/২০১৬ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

উন্নয়ন বাজেটভূক্ত **"অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প- ৩ (পিআরডিপি-৩)"** শীর্ষক প্রকল্পে নিম্নবর্ণিত পদসমূহে সাকূল্য বেতনে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য (জুন/২০২০ পর্যন্ত) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত পদের পার্শ্বে উল্লেখিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং বর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীগণকে উল্লেখিত শর্তাবলী পূরণ করে আগামী ৩০/১১/২০১৬ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রকল্প পরিচালক, পিআরডিপি-৩, পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫ ঠিকানায় দরখাস্ত পৌঁছাতে হবে।

ক্র: নং	পদের নাম	পদের সংখ্যা	সাকুল্য বেতন (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা
০১.	সহকারী প্রোগ্রামার	০১	৩২,৩০০/- গ্রেড- ৯	A bachelor degree in Computer Science/ Engineering or M.Sc. in Mathematics/ Physics/ Statistics. The candidate should have knowledge on program design, web page design, data entry design, having professional exposure in Visual Basic, SQL/ Oracle/ C++ programming languages.
০২.	ইন্সট্রাক্টর	০১	২৪,৭০০/- গ্রেড- ১০	স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী অনার্স ডিগ্রী। পল্লী উন্নয়ন সংক্রান্ত প্রকল্পে ০২ (দুই) বছর কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। তাদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা স্নাতক ০৩ (তিন) বছর মেয়াদি।
০৩.	ইউনিয়ন ডেভেলপমেন্ট অফিসার	৫১৫	২৪,৭০০/- গ্রেড- ১০	স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী অনার্স ডিগ্রী। পল্লী উন্নয়ন সংক্রান্ত প্রকল্পে ০২ (দুই) বছর কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। তাদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা স্নাতক ০৩ (তিন) বছর মেয়াদি।
০৪.	ডাটা এন্ট্রি অপারেটর	০১	১৫,৬৫০/- গ্রেড- ১৬	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ এস সি) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত এবং এম এস ওয়ার্ড, এম এস এক্সেল ও ডাটা এন্ট্রি কাজে পারদর্শী হতে হবে।
০৫.	ড্রাইভার	০১	১৫,৬৫০/- গ্রেড- ১৬	অষ্টম শ্রেণী পাশ হতে হবে। ড্রাইভিং বিষয়ে মৌলিক প্রাতিষ্ঠানিক জ্ঞান এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ২(দুই) বছরের গাড়ি চালানোর অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলীঃ

১। আগ্রহী প্রার্থীগণকে এ-৪ সাইজের কাগজে আবেদপত্রে নিম্নলিখিত বিষয়ে পূর্ণ বিবরণ উল্লেখ করতে হবে ঃ

(ক) নিজ নাম, (খ) পিতা/ স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) নিজ জেলা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) স্থায়ী ঠিকানা, (ছ) জন্ম তারিখ ও ৩০/১১/২০১৬ খ্রি: তারিখে বয়স, (জ) শিক্ষাগত যোগ্যতা (উত্তীর্ণ পরীক্ষার নাম, প্রাপ্ত বিভাগ, সন, বোর্ড/ বিশ্ববিদ্যালয় উল্লেখসহ), (ঝ) জাতীয়তা, (ঞ) ধর্ম, (ট) বৈবাহিক অবস্থা, (ড) অভিজ্ঞতা (যদি থাকে), (ঢ) সংযুক্ত ব্যাংক ড্রাফট/ পে অর্ডার নম্বর, তারিখ, টাকার পরিমাণ ও ইস্যুকৃত ব্যাংকের নাম ইত্যাদি উল্লেখ করতে হবে।

২। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি রঙ্গীন ছবি, পৌরসভার ওয়ার্ড কমিশনার/ মেয়র/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ এবং ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৩। সকল পদের জন্য আবেদনপত্রের সাথে **প্রকল্প পরিচালক, "পার্টিসিপেটরী রুরাল ডেভেলপমেন্ট প্রজেক্ট-৩"** এর অনুকূলে অগ্রণী ব্যাংক, ওয়াসা শাখা, কাওরান বাজার, ঢাকা এর উপর যে কোন তফসীল ব্যাংক হতে ইস্যুকৃত ১নং থেকে ৩ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা এবং ৪নং ও ৫নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ২০০/- (দুইশত) টাকা মূল্যের এমআইসিআর (MICR) ব্যাংক ড্রাফট/ পে অর্ডার (অফেরতযোগ্য) জমা দিতে হবে।

৪। সাধারণ প্রার্থীদের বয়সসীমা (৩০/১১/২০১৬ খ্রি:) তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে, তবে মুক্তিযোদ্ধার সন্তান/ পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। পিআরডিপি লিংক মডেল প্রকল্পের অথবা পল্লী উন্নয়ন প্রকল্পে (পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের) কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য হবে ও শিক্ষাগত যোগ্যতা স্নাতক ০৩ (তিন) বছর মেয়াদি। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেফিট গ্রহণযোগ্য হবে না।

অ: পৃ: দ্র:

৫। আবেদনকারীকে মুক্তিযোদ্ধা কোটার প্রমাণক হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সনদপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

৬। সরকারের প্রচলিত নিয়ম অনুযায়ী নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে যাবতীয় কোটা ব্যবস্থা অনুসরণ করা হবে।

৭। উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট/ উপযুক্ত/ যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদপত্রের সাথে দাখিল করতে হবে।

৮। নির্বাচিত প্রার্থীদের নিয়োগ শুধুমাত্র প্রকল্পের মেয়াদকালীন সময় পর্যন্ত (জুন/২০২০ পর্যন্ত) চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে এবং প্রকল্প মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে তাদের চাকুরীর মেয়াদ আপনা-আপনি শেষ হয়ে যাবে। নিয়োগ পত্রই প্রকল্প সমাপ্তি শেষে চাকুরী হতে অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে।

৯। কর্তৃপক্ষ পদসমূহের সংখ্যা প্রয়োজনে হ্রাস- বৃদ্ধি করতে পারবেন।

১০। চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১১। খামের উপর আবেদনকৃত পদের নাম, নিজ জেলা ও বিশেষ কোটা (যদি থাকে) অবশ্যই উল্লেখ করতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১২। আবেদনপত্রের সাথে প্রার্থীর বর্তমান ঠিকানা সম্বলিত ৯"×৪" মাপের একটি খাম ও ১০ (দশ) টাকা মূল্যের ডাক টিকেট সংযুক্ত করে প্রেরণ করতে হবে।

১৩। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

১৪। পরীক্ষার স্থান, তারিখ, সময় পিআরডিপি-৩ এর ওয়েবসাইট: (www.prdp.brdb.gov.bd) এর মাধ্যমে অবহিত করা হবে।

১৫। আবেদনকারীকে শর্তাদি পূরণ সাপেক্ষে আগামী ৩০/১১/২০১৬ তারিখ অফিস সময়ের মধ্যে প্রকল্প পরিচালক, অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (পিআরডিপি-৩), পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবরে সকল কাগজপত্রসহ আবেদনপত্র ডাকযোগে অথবা প্রকল্প পরিচালকের দপ্তরে সংরক্ষিত বাক্সে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহন করা হবে না।

১৬। প্রকল্পটি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভূক্ত। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সাথে প্রকল্পের আওতায় চুক্তিভিত্তিক নিয়োগকৃত কর্মকর্তা/কর্মচারীদের কোন সম্পর্ক, দায়, দায়িত্ব, বোর্ডের আওতায় চাকুরী প্রদানে বা আত্মীকরণে কোনরূপ দাবী জন্মাবে না।

১৭। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ আবু সালেক)
প্রকল্প পরিচালক
অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩
পল্লী ভবন, ঢাকা।

পত্রিকায় প্রকাশঃ দৈনিক জনকণ্ঠ ও ডেইলি অবজারভার
তারিখঃ ২৪-১০-২০১৬ খ্রিঃ